



নম্বর: ০৭.০০.০০০০.০০০.১৯০.২৫.০০২৩.২৬.৪৭২

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: 'Special Budget Management (SBM)' শীর্ষক কোর্সের ২য় ব্যাচের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের আওতাধীন ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ) কর্তৃক আয়োজিত 'Special Budget Management (SBM)' শীর্ষক কোর্সের ২য় ব্যাচের প্রশিক্ষণ আগামী ০৯-২২ নভেম্বর, ২০২৬ মেয়াদে আইপিএফ, সেগুনবাগিচা, ঢাকা-তে অনুষ্ঠিত হবে।

০২। কোর্স সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

- (ক) প্রশিক্ষণের মেয়াদ ১০ কার্যদিবস;
- (খ) মোট ৩০ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে;
- (গ) প্রশিক্ষণার্থীর পর্যায়: ৯ম-৫ম গ্রেডভুক্ত (নন-ক্যাডার) কর্মকর্তা;
- (ঘ) বয়স অনূর্ধ্ব ৫০ বছর;
- (ঙ) বাজেট প্রণয়ন/বাস্তবায়ন অথবা প্রকল্প/কর্মসূচী বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের অগ্রাধিকার দেয়া হবে; এবং
- (চ) এ কোর্সটি অনাবাসিক এবং অংশগ্রহণের জন্য কোন ফি প্রদান করতে হবে না। কোর্স সংক্রান্ত যেকোন তথ্যের জন্য জনাব মোঃ আহসান হাবিব জিতু, উপপরিচালক (উপসচিব), আইপিএফ এর সাথে অফিস চলাকালীন যোগাযোগ করা যাবে (মোবাইল: ০১৬৪২২৪৫৩৫৫)।

০৩। বর্ণিত কোর্সে অংশগ্রহণের জন্য সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে সর্বোচ্চ ০২ (দুই) জন উল্লিখিত পর্যায়ে আগ্রহী কর্মকর্তার মনোনয়ন (নিম্নোক্ত ছক মোতাবেক তথ্যসহ) আগামী ২৯ অক্টোবর, ২০২৬ তারিখের মধ্যে সরাসরি সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৫ শাখা (প্রশিক্ষণ) (ভবন-১১, লেভেল-১৬, কক্ষ-১৭১৪), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা অথবা ই-মেইলে (trainingsection.fd2@gmail.com) নির্ধারিত ছকের সফট কপিসহ প্রেরণের অনুরোধ জানানো হলো।

প্রশিক্ষণার্থী মনোনয়ন ছক:

ক্রম	কর্মকর্তার নাম ও পদবী	অফিসের নাম ও ঠিকানা	বাজেট প্রণয়ন/বাস্তবায়ন অথবা প্রকল্প/কর্মসূচী বাস্তবায়নের সাথে কর্মকাল	জন্ম তারিখ ও এনআইডি নম্বর	মোবাইল নম্বর ও ই-মেইল
১.					

০৪। উল্লেখ্য যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা হতে মনোনয়ন পাওয়ার পর অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তাদের নামের তালিকা কোর্স শুরুর পূর্বে অর্থ বিভাগের ওয়েবসাইটে (www.mof.gov.bd) প্রকাশ করা হবে।

১২-১০-২০২৬
মো: মাহবুবুল আলম

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিজিও কার্যালয়, অডিট ভবন,, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ৫। মহাপরিচালক, ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ), অর্থ বিভাগ (সদয় অবগতির জন্য)।
- ৬। অতিরিক্ত সচিব, প্রশাসন ও পরিকল্পনা, অর্থ বিভাগ।
- ৭। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। উপসচিব, প্রশাসন অধিশাখা-২, অর্থ বিভাগ।
- ৯। সচিবের একান্ত সচিব (উপসচিব), অর্থ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (পত্রটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ (বিজ্ঞপ্তিটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

